

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

নথি নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০১২.২০১১(অংশ-১)- ৪০


তারিখ : ০৬ মাঘ ১৪২২
১৯ জানুয়ারি, ২০১৬

বিষয় : বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলাধীন বাহিরদিয়া-মানসা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য জনাব মিলেভা বেগম এর বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা প্রসংগে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এর পত্র নং-১০৬২, তারিখ : ৩১.১২.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলাধীন বাহিরদিয়া-মানসা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য জনাব মিলেভা বেগম বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদন না নিয়ে লন্ডন গমন করে ০৮.০২.২০১৫ হতে ১০.০৭.২০১৫ তারিখ পর্যন্ত দীর্ঘ ০৫(পাঁচ) মাস বিনাঅনুমতিতে বিদেশে অবস্থান করায় স্থানীয় সরকার(ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(জ) অনুযায়ী তিনি স্বীয় পদ থেকে অপসারণযোগ্য হবেন।

০২. এমতাবস্থায়, বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলাধীন বাহিরদিয়া-মানসা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য জনাব মিলেভা বেগমকে কেন তার পদ হতে অপসারণ করে উক্ত পদটি শূণ্য ঘোষণা করা হবেনা তার জবাব, পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জনাব মিলেভা বেগম
সংরক্ষিত আসনের মহিলা সদস্য
বাহিরদিয়া-মানসা ইউনিয়ন পরিষদ
ফকিরহাট, বাগেরহাট।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জেলা প্রশাসক
বাগেরহাট (উল্লিখিত ইউপি সদস্যের নিকট উক্ত নোটিশ জারীপূর্বক জারী প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
২. উপজেলা নির্বাহী অফিসার
ফকিরহাট, বাগেরহাট।
৩. কম্পিউটার প্রোগ্রামার,
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।